# ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী সদস্যের সন্তানদের শিক্ষা অনুদান নীতিমালা, ২০২৫

# ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী সদস্যের সন্তানদের শিক্ষা অনুদান নীতিমালা, ২০২৫

১। **ভূমিকা** : কোন কর্মকর্তা/কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে স্বাভাবিকভাবেই তার পরিবারকে সাংসারিক দিক থেকে আর্থিকভাবে বিভিন্ন সমস্যার মধ্যে পড়তে হয়। ফলে মৃত সদস্যের স্কুল, কলেজে অধ্যয়নরত সন্তানদের লেখাপড়া বিঘ্নিত হয় এবং অনেক ক্ষেত্রে লেখাপড়া চালিয়ে যাওয়া অসম্ভব হয়ে পড়ে। এ প্রেক্ষাপটে সন্তানদের শিক্ষা কার্যক্রম সচল রাখার জন্য মৃত সদস্যের উত্তরাধীকারী কর্তৃক আবেদনের প্রেক্ষিতে যথাযথ অনুমোদন সাপেক্ষে সাময়িক সময়ের জন্য কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল হতে শিক্ষা অনুদান প্রদান করা হলে মৃত কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের লেখাপড়ার ধারাবাহিকতা বজায় রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে বলে আশা করা যায়। আর সে লক্ষেই শিক্ষা অনুদান নীতিমালা, ২০২৫ প্রণয়ন করা হলো।

২। **সংজ্ঞা** : এই নীতিমালায় বিষয় বা প্রসংঙ্গ ভিন্নভাবে কিছু নির্দেশ না করলে-

২.১ ''সন্তান" বলতে বোঝাবে কর্মরত অবস্থায় মৃত্যুকালীন সময়ে শুধুমাত্র ১ম শ্রেণী হতে দ্বাদশ বা সমমান শ্রেণীতে অধ্যয়নরত সন্তান।

৩। **উদ্দেশ্য** : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী সদস্যের সন্তানদের লেখা পড়ার ধারাবাহিকতা বজায় রাখার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করা।

৪। **প্রাপ্যতা** : কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল হতে শিক্ষা অনুদান প্রাপ্যতা নিম্নরুপ হবে।

৪.১ কর্মরত অবস্থায় কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে তার যে সকল সন্তান প্রথম শ্রেণী হতে দ্বাদশ/সমমান শ্রেণীতে অধ্যয়নরত তারা আবেদনের প্রেক্ষিতে এ শিক্ষা অনুদান প্রাপ্য হবেন।

৪.২ আউট সোর্সিং/ মাস্টার রোল/ পার্ট টাইম/ খন্ডকালীন কোন কর্মকর্তা ও কর্মচারীর সন্তান শিক্ষা অনুদান প্রাপ্য হবেন না।

৪.৩ কর্মকর্তা কর্মচারী কল্যান তহবিল হতে যথাযথ যাচাই সাপেক্ষে সর্বোচ্চ ০৩ বছর মেয়াদে শিক্ষা অনুদান প্রদান করা হবে।

৫। **অনুদানের পরিমাণ ও প্রদান পদ্ধতি :**

৫.১ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীর পরিবারে অধ্যয়নরত সন্তানদের প্রতি মাসে এক সন্তানের ক্ষেত্রে সর্বমোট ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ও একাধিক সন্তানের ক্ষেত্রে সর্বমোট ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা হারে শিক্ষা অনুদান প্রদান করা হবে। তবে অপারেশনাল কর্মকান্ডে শহীদ কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিলের সভায় অনুমোদনক্রমে এতদবিষয়ে পরিবর্তন বা পরিবর্ধন করা যাবে।

৫.২ শিক্ষা অনুদান ত্রৈমাসিক ভিত্তিতে কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল থেকেপ্রদান করা হবে।

৬। **শিক্ষা অনুদান প্রাপ্যতার শর্ত সমুহ :**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীদের মৃত্যুকালীন সময়ে অধ্যয়নরত সন্তানদের কর্মকর্তা কর্মচারী কল্যাণ তহবিল হতে নিম্নরুপ শর্তে শিক্ষা অনুদান প্রদান করা হবে।

৬.১ নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে (আবেদন ফরম তফসিল-১)।

৬.২ আবেদনের সাথে তফসিল-২ মোতাবেক কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

৬.৩ চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীর যে সকল সন্তান প্রথম শ্রেণী হতে দ্বাদশ/সমমান শ্রেণীতে অধ্যয়নরত শুধুমাত্র তারাই এ অনুদান প্রাপ্য হবেন। তবে সাময়িক বরখাস্তকৃত সদস্যদের ক্ষেত্রে (যদি চাঁদা নিয়মিত প্রদানকারী না হয়) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল কমিটির সভায় আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

৬.৪ যথাযথ আইনী প্রক্রিয়ায় গ্রহণ ব্যতীত দত্তক সন্তানদের ক্ষেত্রে এ শিক্ষা অনুদান প্রযোজ্য হবে না।

৬.৫ কোন কর্মকর্তা বা কর্মচারীর একাধিক স্ত্রী বিদ্যমান থাকলে উভয় স্ত্রীর/নির্বাচিত অভিভাবকগণের যৌথ আবেদনে সন্তানগণ শিক্ষা অনুদান প্রাপ্য হবেন তবে সর্বমোট দুই সন্তানের উর্ধ্বে হবে না।

৬.৬ আবেদনে বর্ণিত তথ্য সমূহ এবং সংযুক্ত কাগজপত্র মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্তৃক সঠিকভাবে পরীক্ষিত হতে হবে।

৬.৭ কর্মরত অবস্থায় কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে পরবর্তী ০৩ (তিন) মাসের মধ্যে শিক্ষা অনুদানের জন্য আবেদন করতে হবে।

৬.৮ শিক্ষা অনুদান সর্বোচ্চ ০৩ (তিন) বছর ব্যাপী প্রাপ্য হবেন।

৬.৯ সকলঅনুদান আবেদনকারী প্রদত্ত ব্যাংক এ্যাকাউন্টে ত্রৈমাসিক ভিত্তিতে চেকের মাধ্যমে প্রদান করা হবে।

৬.১০ শিক্ষা অনুদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষ পরিবর্তিত পরিস্থিতিতে যে কোন বিষয়ে সংযোজন/ বিয়োজন/পরিবর্তন/পরিবর্ধন/স্থগিত/বাতিল করতে পারবেন।

৭। **আবেদন ফরম :** তফসিল-০১ এ বর্ণিত নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে।

৮। **আবেদন ফরম এর সাথে যে সকল কাগজপত্র প্রয়োজন :** তফসিল- ০২ এ বর্ণিত কাগজপত্র সহ আবেদন করতে হবে।

৯। **যাচাই-বাছাই প্রক্রিয়া :** আবেদনে প্রদত্ত তথ্যসমূহ এবং সংযুক্ত দলিলাদির সত্যতা ও সঠিকতা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই-বাছাই হয়ে আসতে হবে।

১০। **শিক্ষা অনুদান অনুমোদন :** মাঠ পর্যায় থেকে যাচাই-বাছাই হয়ে আসা আবেদনসমূহ কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিলের কেন্দ্রীয় কমিটির সভায় পর্যালোচনা করতঃ অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা হবে।

১১। **ব্যয় নির্বাহ :** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল হতে শিক্ষা অনুদানের ব্যয় নির্বাহ করা হবে।

১২। **কার্যকর হওয়ার সময় :** ১৬ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ তারিখ হতে শিক্ষা অনুদান নীতিমালা, ২০২৫ কার্যকর বলে গণ্য হবে।

১৩। **নীতিমালা সংশোধন :** প্রয়োজন অনুযায়ী এই নীতিমালা সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকবে।

## তফসিল-০১

## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল হতে শিক্ষা অনুদান প্রাপ্তির আবেদন ফরমঃ

আবেদন
কারীর
ছবি

১। মৃত কর্মকর্তা/কর্মচারির নাম ও পিআইএন :

২। পদবি :

৩। সর্বশেষ কর্মস্থল :

৪। চাকুরিতে যোগদানের তারিখ :

৫। মৃত্যুর তারিখ :

৬। মৃত্যুকালিন সময়ে চাকুরির বয়স :

৭। কল্যাণ তহবিলের হিসাব নম্বর :

৮। আবেদনকারীর নাম (স্ত্রী/নির্বাচিত অভিভাবক) :

৯। আবেদনকারীর ঠিকানা ও মোবাইল নং :

১০। মৃত কর্মকর্তা/কর্মচারীর সাথে আবেদনকারীর সম্পর্ক :

১১। মৃত্যুকালীন সময়ে সন্তানদের তথ্যাদি
(প্রথম শ্রেণী হতে দ্বাদশ বা সমমান শ্রেণীতে অধ্যয়নরত) :

| ক্র:ন | সন্তানের নাম | ছেলে/মেয়ে | জন্ম তারিখ | শ্রেণী | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সন্তানের ছবি |
|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | |
| ২. | | | | | | |

১২। আবেদকারীর ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম ও ঠিকানা :

১৩। আমি প্রতিজ্ঞাপূর্বক বলছি যে, উল্লেখিত আবেদনপত্রের তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য এবং কোন তথ্য গোপন করিনি। আমি যদি ইচ্ছা পূর্বক কোন সত্য গোপন অথবা ভুল তথ্য সরবরাহ করি তাহলে এ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে এবং আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

তারিখ:.................খ্রি:।

আবেদনকারীর স্বাক্ষর

১৪। এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব.................................................................... এর আবেদনপত্রে উল্লেখিত তথ্যাবলী মাঠ পর্যায়ে যাচাই করতঃ সঠিক পাওয়া গিয়েছে/পাওয়া যায় নাই এবং তাকে কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল হতে নিম্নলিখিতভাবে শিক্ষা অনুদান মঞ্জুরীর জন্য সুপারিশ করা হইল/হইলো না। (মাঠ পর্যায়ে যাচাই করতঃ সংশ্লিষ্ট উপপরিচালক কর্তৃক স্বাক্ষর হতে হবে)

| ক্র: নং | সন্তানের নাম | অধ্যয়নরত শ্রেণী | শিক্ষা অনুদান প্রাপ্তির সময়কাল | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | হইতে | পর্যন্ত | |
| ১. | | | | | |
| ২. | | | | | |

উপপরিচালক
(সীলমোহর/নাম ঠিকানা)

১৫। শিক্ষা অনুদান মঞ্জুরির সুপারিশ করা হইল/হইল না

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

১৬। শিক্ষা অনুদান মঞ্জুরির সুপারিশ করা হইল/হইল না

পরিচালক (প্রশাসন ও অর্থ)

১৭। শিক্ষা অনুদান মঞ্জুর করা হইল/হইল না

মহাপরিচালক
ও
সভাপতি
কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

(বিঃদ্রঃ-আবেদন ফরমে উল্লেখিত সকল ঘরের তথ্য অবশ্যই পূরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে)

## তফসিল-০২

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগে চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারীর সন্তানদের কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল হতে শিক্ষা অনুদান প্রাপ্তির আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে।

| ক্র:নং | প্রয়োজনীয় কাগজপত্রাদি | মন্তব্য |
|---|---|---|
| ১. | আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন এর সত্যায়িত ফটোকপি | |
| ২. | সদস্যের মৃত্যু সনদ/শোক সংবাদ এর সত্যায়িত ফটোকপি। | |
| ৩. | উত্তরাধিকারী সনদ এর সত্যায়িত ফটোকপি। | |
| ৪. | সন্তানের জন্ম সনদ এর সত্যায়িত ফটোকপি। | |
| ৫. | শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন পত্র/রেজাল্ট সীট। | |
| ৬. | আবেদনকারীর সত্যায়িত ছবি। | |
| ৭. | অধ্যয়নরত সন্তানের সত্যায়িত ছবি। | |
| ৮. | মৃত কর্মকর্তা/কর্মচারীর চাঁদা প্রদানকৃত পাশবই এর সত্যায়িত ফটোকপি। | |